তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

যায়যায়দিন

# জয়পুরহাটে ৪৫ স্কুলে নেই প্রধান শিক্ষক

জয়পুরহাট প্রতিনিধি

জয়পুরহাটে ৪৫টিরও বেশি মাধ্যমিক বিদ্যালয়ে দীর্ঘদিন ধরে প্রধান শিক্ষক না থাকায় শিক্ষা কার্যক্রম চরমভাবে ব্যাহত হচ্ছে। বর্তমানে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়ে চলছে এসব বিদ্যালয়। জটিল নীতিমালার কারণে এসব পদ শূন্য রয়েছে। সরকার নীতিমালায় কিছুটা পরিবর্তন আনলে এ সঙ্কট অতি সহজেই নিরসন হবে বলে শিক্ষকরা মনে করছেন।

জেলা শিক্ষা অফিস সূত্র জানায়, জেলায় মাধ্যমিক পর্যায়ে ১৫৯টিরও বেশি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। এর মধ্যে জয়পুরহাট সদর উপজেলায় ১৭টি, পাঁচবিবি উপজেলায় ১৩টি, কালাই উপজেলায় ৪টি, ক্ষেতলাল উপজেলায় ৭টি এবং আক্কেলপুর উপজেলায় ৪টি পদ শূন্য রয়েছে। এসব বিদ্যালয়ে প্রায় ৮৮ হাজার ছাত্রছাত্রী পড়ালেখা করছে। বিদ্যালয়গুলোতে দীর্ঘদিন ধরে প্রধান শিক্ষকের পদ শূন্য থাকায় ছাত্রছাত্রীদের পড়ালেখা চরমভাবে ব্যাহত হচ্ছে। জেলার ১৬০টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ৪৫টিরও বেশি প্রতিষ্ঠানে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। দিন দিন শূন্য পদের সংখ্যা বেড়েই চলেছে। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়েই চলছে এসব শিক্ষা প্রতিষ্ঠান। আর ভারপ্রাপ্ত থেকেই শিক্ষকরা অবসরে যাচ্ছেন।

জয়পুরহাট সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষক আ. মান্নান, আল-হেরা একাডেমির শিক্ষক গাজিউল হক এবং শান্তিনগর বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষক আবু বকর সিদ্দিক জানান, বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক নিয়োগে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বিধিমালা মেনে চলতে গিয়ে বিদ্যালয়ে প্রধান শিক্ষক নিয়োগ করা যাচ্ছে না। অন্যদিকে বিধিমালার কথা বলে বিদ্যালয়ের পরিচালনা কমিটি শিক্ষক নিয়োগে তেমন কোনো ভূমিকা রাখছে না।

জয়পুরহাট জেলা শিক্ষা অফিসার মুহাম্মদ সিদ্দিকুল ইসলাম জানান, সরকার মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিয়োগের ব্যাপারে নীতিমালা কিছুটা শিথিল করলে এ সঙ্কট কেটে যাবে।